দৈনিক বাংলা

তারিখ . 02 OCT 1993 .
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

১৫।

# তৃতীয় বিভাগের ছাত্রছাত্রীরা কোথায় যাবে?

মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির জন্য দেশের বিভিন্ন কলেজ থেকে বিজ্ঞপ্তি প্রকাশিত হচ্ছে। কিন্তু এসব বিজ্ঞপ্তি অনুযায়ী ন্যূনতম দ্বিতীয় বিভাগ ছাড়া কাউকে ভর্তির ফরম দেয়া হচ্ছে না। তাছাড়া উচ্চ শিক্ষার অধিকাংশ ক্ষেত্রেই তৃতীয় বিভাগধারীদের ভর্তি করা হয় না। এমন কি শিক্ষা সমাপ্তির পর তৃতীয় বিভাগ/শ্রেণী পেয়ে যারা পাস করে অধিকাংশ চাকরির ক্ষেত্রেই দরখাস্ত করার সুযোগটুকু তাদের ভাগ্যে জোটে না। তাহলে আমাদের প্রশ্ন তৃতীয় বিভাগ/শ্রেণী প্রাপ্তরা যাবে কোথায়? পাসের সার্টিফিকেট দিয়ে তারা কি করবে? এ সার্টিফিকেটের কোন মূল্য আছে কি? যদি ভর্তি ও চাকরির ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণীর কোন মূল্যই না থাকে তাহলে বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহে তৃতীয় বিভাগ বা শ্রেণী দিয়ে ছাত্রছাত্রী পাস না করানোই কি শ্রেয় নয়? কর্তৃপক্ষের প্রতি আমাদের আবেদন, হয় বোর্ড বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় পাসের তালিকা থেকে তৃতীয় বিভাগ বা শ্রেণীকে বাদ দেয়া হোক অথবা তৃতীয় বিভাগ ও শ্রেণী প্রাপ্তদের উচ্চতর পর্যায়ে ভর্তির এবং চাকরির ক্ষেত্রে দরখাস্ত করার সুযোগ দেয়া হোক।

১। মোঃ ফিরোজ হাসান,
২। মোঃ ফরহাদুল ইসলাম
৩। মোঃ আকমল হোসেন
এমএ শেষ বর্ষ,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ।